

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১৩ মার্চ, ২০১৮।

প্রতি : মোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : সংস্থার আভ্যন্তরিণ প্রশিক্ষণ/ওয়ার্কশপ খরচের অংশ সংস্থা ছেড়ে যাওয়ার সময় কর্মী থেকে কেটে নেয়া প্রসঙ্গে।

গ্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা জন্য জানানো যাচ্ছে যে,

১. বিগত সময়ের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে, আমাদের কর্মীদের বিভিন্ন সময়ে ট্রেনিং/ওয়ার্কশপ দেওয়ার পর তারা একটা নির্দিষ্ট সময়ের পূর্বে সংস্থা ত্যাগ করে চলে যান। অথচ একটি ট্রেনিং/ওয়ার্কশপ আয়োজন থেকে শুরু করে সাফলের সাথে সম্পন্ন করতে অনেক সময়, অর্থ এবং গুরুত্বপূর্ণ কাজকে বাদ দিয়ে করা হয়; সামগ্রিকভাবে যার আর্থিক মূল্য অনেক।
২. এই বাস্তবতায় এবং বিবেচনায় সংস্থার ভিতরের প্রশিক্ষণ/ওয়ার্কশপ গ্রহণের পর যদি কোন কর্মী সংস্থা ছেড়ে চলে যান তাহলে তার নিকট থেকে সময়ানুসারে মোট খরচ (প্রশিক্ষণ/ওয়ার্কশপ আয়োজনের সকল খরচ, যাতায়ত খরচ এবং প্রশিক্ষণ/ওয়ার্কশপ এ যাওয়া আসা ও প্রশিক্ষণ/ওয়ার্কশপ র দিনসমূহের বেতন) এর একটি অংশ কর্মীর চূড়ান্ত হিসাব থেকে নিম্নলিখিত ছক অনুযায়ী কেটে নেয়া হবে।

সময়কাল	প্রশিক্ষণের জন্য ব্যয়ের অংশ
প্রশিক্ষণ/ওয়ার্কশপ গ্রহণের ১ বছরের মধ্যে সংস্থা ত্যাগ করলে	মোট ব্যয়ের ৭৫% কেটে নেওয়া হবে।
প্রশিক্ষণ/ওয়ার্কশপ গ্রহণের ২ বছরের মধ্যে সংস্থা ত্যাগ করলে	মোট ব্যয়ের ৫০% কেটে নেওয়া হবে।
প্রশিক্ষণ/ওয়ার্কশপ গ্রহণের ৩ বছরের মধ্যে সংস্থা ত্যাগ করলে	মোট ব্যয়ের ২৫% কেটে নেওয়া হবে।
প্রশিক্ষণ/ওয়ার্কশপ গ্রহণের ৩ বছর পর সংস্থা ত্যাগ করলে	কোন অর্থ কেটে নেওয়া হবে না

৩. প্রশিক্ষণ/ওয়ার্কশপ শুরুর পূর্বে প্রত্যেক অংশগ্রহণকারীর সাথে প্রশিক্ষণ/ওয়ার্কশপ শুরুর আগে নির্দিষ্ট ফরমে চুক্তি করা হবে। এ চুক্তির একটি কপি কর্মীর ব্যক্তিগত ফাইলে সংরক্ষণ করতে হবে।
৪. প্রত্যেক অংশগ্রহণকারীর খরচের হিসাব ১৫ দিনের মধ্যে প্রশিক্ষণ/ওয়ার্কশপ সমন্বয়কারী প্রধান অফিসের সংশ্লিষ্ট ব্যক্তিগত ফাইলে পাঠাবেন এবং এর একটি কপি অংশগ্রহণকারীকে প্রদান করবেন।
৫. অত্র সার্কুলারটি অন্তিমিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেউ দ্বিতীয় পোষণ করেন বা এর কোন অস্পষ্টতা থাকলে আগামী ২৫ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর জানানোর জন্য অনুরোধ করা হলো।

সকলের সার্বিক সহযোগিতা কামনায়।

ধন্যবাদসহ



সনত কুমার ডোমিক

অনুলিপি: নির্বাহী পরিচালক

সকল উপ-পরিচালক এবং সহকারী পরিচালকগণ
অফিস ফাইল।